দৈনিক বাংলা

তারিখ ১৬/১/৮৭ ... পৃষ্ঠা ৭ কলাম ৬ ...

493

161

# একটি আসনের জন্য ৭১ জন পরীক্ষার্থী

(স্টাফ রিপোর্টার)

গতকাল ছিল এ বছরের ভর্তি পরীক্ষার প্রথম দিন। সরকারী বেসরকারী মিলিয়ে প্রায় ২৫টি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

গতকালের ভর্তি পরীক্ষা ছিল গত কয়েক বছরের তুলনায় কিছুটা ব্যতিক্রমধর্মী। কোন কোন স্কুলে আসন সংখ্যা ছিল কম। কিন্তু প্রার্থী ছিল বেশী, আবার কোন কোন স্কুলে আসন সংখ্যা ছিল বেশী, প্রার্থী ছিল কম। কোন কোন স্কুলে মোটেই ভর্তি পরীক্ষা হয়নি। কেউবা আগামীকাল একসাথে ভর্তি পরীক্ষা নেবেন বলে অপেক্ষা করেছেন। আনুমানিক ১০ হাজার ছাত্রী গতকালের ভর্তি পরীক্ষায় অংশ নিয়েছে। এদের মধ্যে সরকারী স্কুলগুলোতেই ভিড় ছিল বেশী।

বেসরকারী স্কুলগুলোর মধ্যে গতকাল আজিমপুর বালিকা বিদ্যালয়েই বেশী ভিড় ছিল। সেখানে প্রথম শ্রেণী থেকে নবম শ্রেণী পর্যন্ত ৪৪৭টি আসনে ভর্তির জন্য পরীক্ষা দিয়েছে প্রায় ২ হাজার ১ শত

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## ৭১ জন পরীক্ষার্থী

(১ম পৃঃ পর)

ছাত্রী।

অগ্রণী বিদ্যালয়ে প্রথম শ্রেণীতে ২টি আসনের জন্য একশ ছাত্রী পরীক্ষা দিয়েছে। সেখানে দ্বিতীয় ও চতুর্থ শ্রেণীতে কোন আসন নেই। তবুও আগামীতে এই ক্লাস দুটোতে ৩ জন ছাত্রী ট্রান্সফার নিয়ে চলে যাবার সম্ভাবনাকে সামনে রেখে ১৩০ জন ছাত্রী ভর্তি পরীক্ষায় অংশ নিয়েছে। পঞ্চম শ্রেণীতে মাত্র একটি আসনের জন্য পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৭১ জন। গতকাল এখানে প্রথম থেকে নবম শ্রেণী পর্যন্ত মোট ৩২টি আসন খালি ছিল। পরীক্ষার্থী ছিল ৫৫৮ জন।

কামরুন্নেসা বালিকা বিদ্যালয়ে প্রায় দুশ আসনের জন্য গতকাল ১২শ পরীক্ষার্থী অংশ নিয়েছে। স্কুলের প্রধান শিক্ষিকা জানালেন প্রতি বছর ভর্তি পরীক্ষায় যারা অংশ নেয়, তাদের বেশীর ভাগ আসে নগরীর বিভিন্ন স্কুল থেকে। এদের মধ্যে ভর্তির জন্য সত্যিকার সমস্যা থাকে একমাত্র ষষ্ঠ শ্রেণীর ছাত্রীদের জন্য। প্রাইমারী স্কুল থেকে পাস করে এদের অনেকে ভর্তি পরীক্ষায় অংশ নেয়। এদের ক্ষেত্রে এবার উদারভাবেই ব্যবস্থা নেয়া হয়েছে।

গতকাল সরকারী সব স্কুলেই ভিড় ছিল। বেসরকারী কয়েকটা স্কুলে পরীক্ষার্থীর ভিড় থাকলেও শূন্য আসন সংখ্যা অনুপাতে ভিড় ছিল না। মহম্মদপুর বালিকা বিদ্যালয়ে গতকাল আসন সংখ্যা ছিল প্রায় সাড়ে পাঁচশ। সেখানে পরীক্ষা দিয়েছে সাড়ে চারশ ছাত্রী। সিদ্ধেশ্বরী স্কুলেও শূন্য আসনের তুলনায় গতকাল পরীক্ষার্থীর সংখ্যা ছিল কম।

কো-এডুকেশন ব্যবস্থা চালু রয়েছে যেসব স্কুলে গতকাল সেখানে ভর্তি পরীক্ষা হয়নি। পরীক্ষা হবে আজ।

ভিকারুন্নেসা স্কুলে টেস্ট পরীক্ষা চলছে। আগামী ১৫ই জানুয়ারীর পর সেখানে স্কুলের বিভিন্ন শ্রেণীর শূন্য আসন তালিকা সম্বন্ধে খোঁজ নেয়ার জন্য স্কুল কর্তৃপক্ষ জানিয়েছেন। সেখানে ভর্তি পরীক্ষা হবে আরো পরে।

ভর্তি পরীক্ষা সম্পর্কে এ বছর অভিভাবকেরা নগরীর বিভিন্ন স্কুলের বিরুদ্ধে অভিযোগ করেছেন। তারা জানিয়েছেন নগরীর প্রায় সব স্কুল এবার ভর্তি পরীক্ষার নামে বিভিন্ন রেটে দরখাস্ত ফরম বিক্রি করেছে। কোন কোন স্কুলে ফরম শেষ হয়ে যাবার পরও কালবাজারে ফরম বিক্রি হয়েছে।